# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৩৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য নয় রাকাত বিতর সালাত আদায় করা বৈধ মর্মে বর্ণনা

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُوتِرَ بِتِسْعِ رَكَعَاتٍ

আরবী

2433 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنَا أَبِي عَنْ قَتَادَةَ عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى عَنْ سَعْدِ بْنِ هِشَامٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَوْتَرَ بِتِسْعِ رَكَعَاتٍ لَمْ يَقْعُدْ إِلَّا فِي الثَّامِنَةِ فَيَحْمَدُ اللَّهَ وَيَذْكُرُهُ وَيَدْعُو ثُمَّ يَنْهَضُ وَلَا يُسَلِّمُ ثُمَّ يُصَلِّي التَّاسِعَةَ وَيَذْكُرُ اللَّهَ وَيَدْعُو ثُمَّ يُسَلِّمُ تَسْلِيمًا يُسْمِعُنَاهُ ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جالس.
الراوي : سَعْدِ بْنِ هِشَامٍ عَنْ عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2433 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 33)، ((صحيح أبي داود)) (1213) م: مطولاً، والآتي بعده بعض منه.

বাংলা

২৪৩৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন নয় রাকা‘আত বিতর সালাত আদায় করতেন, তখন তিনি অষ্টম রাকা‘আত ব্যতিত আর কোথাও বসতেন না। অতঃপর তিনি আল্লাহর প্রশংসা করতেন, তাঁকে স্মরণ করতেন এবং দু‘আ করতেন। তারপর তিনি উঠতেন; সালাম ফেরাতেন না। অতঃপর নবম রাকা‘আত আদায় করেন এবং আল্লাহকে স্মরণ করেন, তাঁর কাছে দু‘আ করেন। তারপর তিনি আমাদের শুনিয়ে সালাম ফেরান। তারপর তিনি বসে দুই রাকা‘আত সালাত আদায় করেন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১০৭৮; মুসনাদ আহমাদ: ৬/৫৩-৫৪; আবূ আওয়ানা: ২/৩২৩-৩২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91758

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন